52

দৈনিক সংবাদ

তারিখ ... 05 MAY 19[illegible]
পৃষ্ঠা 2 কলাম 2

এইচএসসি

# আগের ছাপানো প্রশ্নপত্র বাতিল নতুন ছাপা হচ্ছে

॥ কাশেম হুমায়ুন ॥

প্রশ্নপত্র ফাঁসের আশংকায় আসন্ন এইচএসসি পরীক্ষার জন্য তৈরি করা আগের ছাপানো প্রশ্নপত্র বাতিল করা হয়েছে। এইচএসসি পরীক্ষার জন্য নয়া প্রশ্নপত্র ছাপানো হচ্ছে। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে বিজি প্রেসে জোরেশোরে এখন প্রশ্নপত্র ছাপার কাজ চলছে।

শিক্ষা মন্ত্রণালয়ের একটি উচ্চ পর্যায়ের সূত্র জানান ঃ "আগামী ১০ দিনের মধ্যে সব প্রশ্ন জেলা সদরে পাঠিয়ে দেয়া হবে। এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা পর্যালোচনা করে শিক্ষা মন্ত্রণালয় আসন্ন এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ছাপানোর জন্য বিজি প্রেসে কড়া নিরাপত্তামূলক ব্যবস্থা নিয়েছে। প্রশ্নপত্র ছাপানো এবং প্যাকেট করার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের ওপর ভিজিলেন্স টিম কড়া নজর রাখছে। শিগগিরই বিজি প্রেসে ক্লোজ সার্কিট ক্যামেরা বসানো হবে। ইংরেজি ও বাংলা ছাড়া চলতি এসএসসি পরীক্ষার অন্যান্য বিষয়ের প্রতিটিতে ৩ সেট করে আগে ছাপানো ৬৯ লাখ প্রশ্নপত্র শিক্ষা মন্ত্রণালয় বাতিল করেছিল। এর পরিবর্তে পরীক্ষা চলাকালে প্রতিটি বিষয়ে ৩ সেট করে ৬৯ লাখ নয়া প্রশ্নপত্র ছাপিয়ে শিক্ষা মন্ত্রণালয় দ্রুত সব পরীক্ষাকেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করেছে বলে শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রটি জানান।

উল্লেখ্য, আগামী ২৮শে মে থেকে এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। প্রায় ৩ লাখ ছাত্রছাত্রী এবারের এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।

SHEET ___ OF ___ SHEETS